

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইট : www.nu.ac.bd/admissions
নীলফামারী সরকারি কলেজের ওয়েবসাইট : www.nilgc.edu.bd
নীলফামারী সরকারি কলেজের কলেজ কোড : 3101

১। অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখঃ

২৯/০৭/২০২১ হতে ১৪/০৮/২০২১ খ্রি. পর্যন্ত

২। আবেদন ফরমের ফি জমা প্রদানের বিবরণঃ উল্লিখিত তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফরম ডাউনলোড করার পর কলেজের ওয়েবসাইট www.nilgc.edu.bd তে প্রবেশ করে Apply for Admission এ ক্লিক করে ভর্তি সংক্রান্ত তথ্যাদি প্রদান করে বিকাশের মাধ্যমে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা প্রদানপূর্বক পে-স্লিপ ডাউনলোড করে প্রিন্ট করতে হবে।

৩। প্রিন্টকৃত জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদন এবং কলেজের পে-স্লিপ শিক্ষার্থীরা নিজেদের নিকট সংরক্ষণ করবে। কোভিড-১৯ পরিস্থিতির কারণে চলমান বিধি-নিষেধ শিথিল হলে পরবর্তীতে অনলাইনে আবেদনকৃত প্রাথমিক ভর্তি ফরম এবং পে-স্লিপ কলেজে জমা প্রদান করতে হবে। এ সংক্রান্ত তথ্যাদি তারিখসহ পরবর্তীতে বিজ্ঞপ্তি মারফত জানানো হবে।


৪। আবেদনের সাধারণ যোগ্যতা: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড থেকে যে কোন শাখায় ২০১৭/২০১৮ সালের এসএসসি এবং ২০১৯/২০২০ সালের এইচএসসি পরীক্ষায় আলাদাভাবে ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.৫০ প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।

৫। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৯-২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (পাস) নিয়মিত/ প্রাইভেট কোর্সে ভর্তিকৃত কোন শিক্ষার্থী ২০২০-২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী ২০১৯-২০ শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২০-২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে। একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন প্রার্থী স্নাতক (সম্মান) ও স্নাতক (পাস) নিয়মিত/ প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৬। ছাত্র-ছাত্রীদের ভর্তি ও ভর্তি পরবর্তীতে বিভিন্ন প্রয়োজনে কলেজের যাবতীয় তথ্য মোবাইলে প্রেরণ করা হবে বিধায় তাদেরকে প্রাথমিক আবেদন ফরমে নিজ নিজ সঠিক মোবাইল নম্বর দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো। অন্যথায় কোন জটিলতা দেখা দিলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

বিঃদ্রঃ ২০২০-২১ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি সম্পর্কিত যাবতীয় তথ্যাবলী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে www.nu.ac.bd/admissions থেকে জানা যাবে।

প্রতিস্বাক্ষর



২৭/০৭/২০২১

(প্রফেসর মোঃ দিদারুল ইসলাম)

অধ্যক্ষ

নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী।

(প্রফেসর মোঃ দিদারুল ইসলাম-৫২১৬)

অধ্যক্ষ

নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী।

২৭/০৭/২১

(এ.কে.এম. সিদ্দিকুর রহমান)

আহবায়ক

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি/২০২০-২১

নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী।

